

(২)

Ex./BANGLAUG/1.2/4/2017

- ৩। দেবী চণ্ডীর সম্ভাব্য উৎসগুলি উল্লেখ করো। চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? সংক্ষেপে তার কাব্যের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩+১+৬=১০

অথবা

- ৪। ধর্মমঙ্গলকে ‘রাঢ়ের জাতীয় মহাকাব্য’ হিসেবে বিবেচনার যুক্তিগুলি লেখো। তুমি কি এই বক্তব্যের সঙ্গে একমত? নিজের মতামত জানাও।

৫+৫=১০

- ৫। চৈতন্যপূর্ব ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলির তুলনামূলক আলোচনা করো।

১০

- ৬। কাশীদাসী মহাভারতের রচনাকাল উল্লেখ করো। চৈতন্যোত্তর কালের ভক্তি কীভাবে এই কাব্যের অভিমুখ তৈরি করে দিয়েছে তা প্রসঙ্গ উল্লেখ করে আলোচনা করো।

২+৮=১০

- ৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি)
- ক. কুন্তিবাসের কালসমস্যা  
খ. শ্রীকৃষ্ণকীর্তনের রাধা  
গ. বিজয় গুপ্ত  
ঘ. বাংলার সুফিসাহিত্য  
ঙ. মৈমনসিংহ গীতিকা

২x৫=১০

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৭

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

সাম্মানিক বাংলা

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

কোর্স ইউ. জি. - ১.২

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও

- ১। ভাষাতাত্ত্বিক কারণ ছাড়া অন্যান্য যেসব যুক্তিতে চর্যাকে বাংলা সাহিত্যের আদি নিদর্শন হিসেবে বিবেচনা করা হয় তা তোমার কাছে গ্রহণযোগ্য মনে হয়? চর্যায় যে সামাজিক জীবনযাত্রার ছবি আছে তাকে আদৌ কি ‘বাঙালি’র বলা চলে? নিজের মতামত লেখো।

৫+৫=১০

অথবা

- ২। তুর্কি আক্রমণ পরবর্তীকালে বাংলায় অনুবাদ-সাহিত্য রচনার সম্ভাব্য কারণগুলি উল্লেখ করো। কবির নামসহ প্রাক-চৈতন্য যুগের অনুবাদ-কাব্যগুলির নাম লেখো। এই অনুবাদ রচনাগুলির প্রধান বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

২+২+৬=১০

— X —

(Turn Over)